# শিল্প মন্ত্রণালয়ের আওতায় ২০১৪-১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়/বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পর ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ০১ | শিল্প মন্ত্রণালয় | ১ | - | ১ | - | - | ১ | ২৫% | - | - |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ১

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: TAPP’র অনুমোদনে বিলম্ব হওয়ায় প্রকল্পের কাজ ০১ বছর পর শুরু হয়। অন্যান্য দেশে ০৫ বছর যাবৎ প্রকল্পটি বাস্তবায়িত হয়, সেক্ষেত্রে প্রকল্পের সার্বিক কাজকর্ম সম্পন্নের জন্য অন্যান্য দেশের মতো বাংলাদেশেও এই প্রকল্পের মেয়াদ বাড়ানো হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

| সমস্যা | | সুপারিশ | |
|---|---|---|---|
| (১) | | (২) | |
| ৩.১ | ছয়টি পণ্যের মধ্যে তিনটি পণ্যের Star Labeling না করা | ৩.১ | স্টার লেবেলিং করা তিনটি পণ্যের গুণগত মান যেন সর্বদা বজায় থাকে এ বিষয়ে বিএসটিআইকে সজাগ থাকতে হবে। |
| ৩.২ | প্রকল্প বাস্তবায়নকালীন দক্ষ প্রশিক্ষকের অভাব | ৩.২ | ভবিষ্যতে প্রকল্প প্রণয়ণ ও বাস্তবায়নকালে প্রয়োজনীয় দক্ষ জনবলের সার্বক্ষণিক সহায়তা নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করে প্রকল্প প্রস্তাব প্রনয়ণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হল। |
| ৩.৩ | প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run) | ৩.৩ | ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে পরিকল্পনা এমনভাবে করতে হবে যাতে প্রকল্পের Time over-run না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়। |

## Barrier Removal to Cost-effective Development and Implementation of Energy Efficiency Standards & Labeling Project (BRESL) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৫)

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | : | Barrier Removal to Cost-effective Development and Implementation of Energy Efficiency Standards & Labeling Project (BRESL) শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প। |
| ২। | প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ | : | শিল্প মন্ত্রণালয়। |
| ৩। | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ ষ্ট্যান্ডার্ডস এন্ড টেষ্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) |
| ৪। | প্রকল্পের অবস্থান | : | বিএসটিআই, তেজগাঁও, ঢাকা । |
| ৫। | প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় | : | |

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্রঃ সাঃ) | সংশোধিত (প্রঃ সাঃ) | | মূল | সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৮৬৩.০০ | ১৮৬৩.০০ | ১৮৫৪.৩৫ | জুলাই ২০১০ হতে জুন২০১৪ | জুলাই ২০১০ হতে জুন২০১৫ | জুলাই ২০১০ হতে জুন২০১৫ | (-) ৮.৬৫ (১ শতাংশের কম) | ১ বছর (২৫%) |

*মূল প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রকৃত ব্যয় ৮.৬৫ লক্ষ টাকা (১ শতাংশের) কম এবং প্রকৃত বাস্তবায়ন মেয়াদ মূল পরিকল্পিত মেয়াদ হতে ১ বছর (২৫ %) বেশী ।

৬। প্রকল্পের অর্থায়নে উৎস :প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১৮৬৩.০০ লক্ষ টাকা। তন্মেধ্যে জিওবি অর্থায়ন ৮.০০ লক্ষ টাকা, বিএসটিআই এর নিজস্ব অর্থায়ন ২৫০.০০ লক্ষ টাকা, ইন-কাইন্ড হিসেবে বিএসটিআই এর অর্থায়ন ১১৫০.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৪৫৫.০০ লক্ষ টাকা যার অর্থায়নের উৎস Global Environment Facility(GEF)।

৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ** শিল্প মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গাভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ :

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | পরিমাণ/ সংখ্যা | অনুমোদিত অন্ত:খাত সমন্বয় অনুযায়ী লক্ষ্যমাত্রা | | প্রকৃত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ক) | রাজস্ব ব্যয় | | | | | |
| ৪৮০১ | ভ্রমণ ভাতা | LS | ৪৭.৬০ | | ৪৭.৬০ | |
| ৪৮১৯ | ইউটিলিটি | LS | ৭.২৮ | | ৭.২৮ | |
| ৪৮২৮ | ষ্টেশনারী | LS | ২.৫০ | | ২.৫০ | |
| ৪৮৪১ | সেমিনার/কনফারেন্স | ৬০টি | ৬১.১২ | | ৬১.১২ | ৮৪ |
| ৪৮৪৪ | ম্যানেজমেন্ট চার্জ | ২৪০ জনমাস | ১৫৬.০০ | ২৪০ | ১৫১.৪৮ | ২৪০ জনমাস |
| ৪৮৪৪ | কনসালটেন্সী | | | | | |
| | ক) আন্তর্জাতিক | ২.৭৩ জনমাস | ৩৮.০০ | ২.৭৩ | ৩৭.৪৬ | ১.৬ জনমাস |
| | খ) জাতীয় | ৩৫ জনমাস | ৪১.০০ | ৩৫ | ৪০.১৭ | ৩.২ জনমাস |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | LS | ২৪.০০ | | ২২.৫৭ | |
| ৪৮৯৯ | সাব-কন্ট্রাকট | LS | ৬৮.০০ | | ৬৭.৯২ | |
| | **উপ-মোট** | | **৪৪৫.৫০** | | **৪৩৮.১০** | |
| (খ) | **মূলধন ব্যয় :** | | | | | |
| ৬৮১৯ | অফিস সরঞ্জাম | ১৪টি | ১২.৫০ | | ১১.৭৮ | ১৪ |
| ৬৮২১ | আসবাবপত্র | ১৩টি | ৫.০০ | | ৪.৪৭ | ১৩ |
| | **খ) উপ-মোট** | | **১৭.৫০** | | **১৬.২৫** | |
| গ) Financing in kind by BSTI | | | | | | |
| | অফিস স্পেস | | ৩৫০.০০ | | ৩৫০.০০ | |
| | প্রশিক্ষণ, কনফারেন্স সুবিধাদি | | ২০০.০০ | | ২০০.০০ | |
| | জনবল | | ৩০০.০০ | | ৩০০.০০ | |
| | ল্যাবরেটরী ইকুইপমেন্ট ব্যবহার | | ৩০০.০০ | | ৩০০.০০ | |
| | **গ) উপ-মোট** | | **১১৫০.০০** | | **১১৫০.০০** | |
| ঘ) BSTI’s own fund: | | | | | | |
| | সেবাসমূহ (টেলিফোন, ফ্যাক্স, বিদ্যুৎ, পানি, গ্যাস ও জ্বালানী) | | ১৪০.০০ | | ১৪০.০০ | |
| | জ্বালানী ব্যয় | | ২০.০০ | | ২০.০০ | |
| | যানবাহন মেরামত এবং রক্ষণাবেক্ষণ | | ৪০.০০ | | ৪০.০০ | |
| | বিবিধ | | ৫০.০০ | | ৫০.০০ | |
| | **ঘ) উপ-মোট** | | ২৫০.০০ | | ২৫০.০০ | |
| | **সর্বমোট (ক+খ+গ+ঘ)** | | **১৮৬৩.০০** | | ১৮৫৪.৩৫ | |

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** আলোচ্য প্রকল্পের আওতায় ছয়টি পণ্যের স্টার লেবেলিং করার কথা থাকলেও টেস্টিং ইকুইপেমন্ট না থাকায় তিনটি পণ্য যথাঃ এসি, ফ্রিজ ও ইলেকট্রিক মোটর এর স্টার লেবেলিং করা সম্ভব হয়নি।

**৯। সাধারণ পর্যবেক্ষণঃ**

৯.১। <u>প্রকল্পের পটভূমিঃ</u> BRESL একটি আঞ্চলিক কারিগরী সহায়তা প্রকল্প । প্রকল্পটি বাংলাদেশসহ ৬টি দেশে বাস্তবায়িত হয়েছে; যথা-বাংলাদেশ, চীন, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম এবং পাকিস্থান। প্রকল্পটির মূল লক্ষ্য হল বর্ণিত দেশসমূহে এসি, ফ্রিজ, ব্যালাস্ট, বৈদ্যুতিক পাখা, ইলেকট্রিক মটর ও সিএফএল পণ্যসমূহ এনার্জি ইফিসিয়েন্ট পণ্য হিসেবে উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে আবাসিক ও বাণিজ্যিক খাতে ২০৩০ সালের মধ্যে বিদ্যুতের চাহিদা/ব্যবহার ১০% হ্রাস করা। এ কার্যক্রম চীন, ইন্দোনেশিয়া, পাকি স্তান, থাইল্যান্ড ও ভিয়েতনামে ২০০৯ সালে শুরু হলেও টিপিপি অনুমোদনে বিলম্ব হওয়ায় বাংলাদেশে প্রকল্পের বাস্তবায়ন ক্রর্যক্রম ২০১০ সালে শুরু হয়।

**৯.২। <u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u>** প্রকল্পে লক্ষ্য হচ্ছে বাংলাদেশে পাওয়ার জেনারেশন হতে উদ্ভুত গ্রীন হাউজ গ্যাসের নির্গমন কমানো । এ লক্ষ্য বাস্তবায়নে প্রকল্পের নির্ধারিত সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হচ্ছে :

(ক) BRESL Products যেমন- এসি, রিফ্রিজারেটর, ফ্যান, বৈদ্যুতিক মটর, বৈদ্যুতিক ব্যালাস্ট, সিএফএল এর এনার্জি ইফিসিয়েন্সি মান ও লেবেলিং প্রণয়ন এবং বাস্তবায়ন করা;

(খ) এনার্জি ইফিসিয়েন্ট পণ্য আবাসিক, বাণিজ্যিক ও শিল্পে ব্যবহার সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা;

(গ) Stakeholder- দের বিদ্যুৎ সাশ্রয়ী বৈদ্যুতিক পণ্য উৎপাদনে সহায়তা প্রদান;এবং

(ঘ) এনার্জি ইফিসিয়েন্ট পণ্য উৎপাদনের সাথে জড়িত জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি করা ।

**৯.৩। <u>প্রকল্প অনুমোদন সংক্রান্ত তথ্যঃ</u>**

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেষ্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এর উল্লিখিত প্রকল্পটি ১৮৬৩.০০ লক্ষ টাকা ( জিওবি ১৪০৮.০০ লক্ষ, ইন কাইন্ড ১৪০০.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৪৫৫.০০ লক্ষ্য ) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ হতে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১২/১০/২০১০ তারিখে অনুমোদিত হয় । পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধি করে জুন ২০১৪ এর পরিবর্তে জুন ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ নির্ধারণ করা হয় ।

**৯.৪ <u>প্রকল্প পরিচালকঃ</u>**

প্রকল্পের শুরু হতে প্রকল্প সমাপ্ত পর্যন্ত জনাব মো: আবদুল মতিন, পরিচালক (পদার্থ) তার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন।

**১০। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতির তথ্যঃ** এ প্রকল্পের আওতায় কোন যন্ত্রপাতি ক্রয় করা হয়নি। তবে কতিপয় অফিস সরঞ্জাম ও আসবাবপত্র ক্রয় করা হয়েছে।

**১১। <u>প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ</u>**

গত ২৬/০৬/২০১৬ তারিখে প্রকল্প এলাকা বিএসটিআই এর প্রধান কার্যালয়, তেজগাঁও ঢাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট একজন কর্মকর্তা উপস্থিত থেকে প্রকল্পের পরিদর্শন কাজে সহায়তা করেন।

**১১.১. প্রকল্প বাস্তবায়নকালীন বিভিন্ন অর্থ বছরে অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমাদান সংক্রান্ত তথ্যঃ**

| অর্থ বছর | মূল/সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তকৃত টাকা | আর্থিক ব্যয় | অব্যয়িত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২০১০-১১ | ১০০.০০(পিএ)<br>৩.৫০ (জিওবি) | ১০০.০০(পিএ)<br>৩.৫০ (জিওবি) | ৯৩.৬৭(পিএ)<br>২.২৫ (জিওবি) | ৬.৩৩ (পিএ)<br>১.২৫ (জিওবি) | সরবরাহকৃত চালানের কপি মোতাবেক সরকারী কোষাগারে ১.২৫ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে। |
| ২০১১-১২ | ৭০.০০ (পিএ)<br>১.০০(জিওবি) | ৭০.০০(পিএ)<br>১.০০ (জিওবি) | ৬৯.০৮(পিএ)<br>.৯৬ (জিওবি) | .৯২ (পিএ)<br>০.০৪(জিওবি) | সরবরাহকৃত চালানের কপি মোতাবেক সরকারী কোষাগারে ০.০৪ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে। |
| ২০১২-১৩ | ৭৪.০০(পিত্র)<br>১.০০ (জিওবি) | ৭৪.০০ (পিত্র)<br>১.০০ (জিওবি) | ৭২.১৫(পিত্র)<br>.৯৭ (জিওবি) | ১.৮৫ (পিএ)<br>০.০৩ (জিওবি) | সরবরাহকৃত চালানের কপি মোতাবেক সরকারী কোষাগারে ০.০৩ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে। |
| ২০১৩-১৪ | ১২৪.০০(পিত্র)<br>১.০০ (জিওবি) | ১২৪.০০(পিত্র)<br>১.০০ (জিওবি) | ১২০.৩৪(পিত্র)<br>১.২৮ (জিওবি) | ৩.৬৬ (পিএ)<br>০.০০ | - |
| ২০১৪-১৫ | ৯৪.০০(পিত্র)<br>১.০০ (জিওবি) | ৯৪.০০(পিত্র)<br>১.০০ (জিওবি) | ৯২.৯৩(পিত্র)<br>০.৭২ (জিওবি) | ১.০৭(পিত্র)<br>০.২৮ (জিওবি) | সরবরাহকৃত চালানের কপি মোতাবেক সরকারী কোষাগারে ০.২৮ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে। |
| মোট | ৪৬২.০০(পিএ)<br>৭.৫০ (জিওবি) | ৪৬২.০০(পিএ)<br>৭.৫০ (জিওবি) | ৪৪৮.১৭(পিএ)<br>৬.১৮ (জিওবি) | ১৩.৮৩(পিএ)<br>১.৩২ (জিওবি) | - |

**১২। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

| উদ্দেশ্য | অর্জন |
|---|---|
| (ক) BRESL Products যেমন- এসি, রিফ্রিজারেটর, ফ্যান, বৈদ্যুতিক মটর, বৈদ্যুতিক ব্যালাস্ট, সিএফএল এর এনার্জি ইফিসিয়েন্সি মান ও লেবেলিং প্রণয়ন এবং বাস্তবায়ন করা | ছয়টি পণ্যের মধ্যে তিনটি পণ্য যথাঃ ফ্যান, বৈদ্যুতিক ব্যালাস্ট ও সিএফএল এর এনার্জি ইফিসিয়েন্সি মান ও লেবেলিং প্রণয়ণ ও বাস্তবায়ন করা হয়েছে। |
| (খ) এনার্জি ইফিসিয়েন্ট পণ্য আবাসিক, বানিজ্যিক ও শিল্পে ব্যবহার সম্পর্কে জনসচেতনতা সৃস্টি করা । | জনগণকে সচেতন করার লক্ষ্যে ৬০টি সেমিনার আয়োজন করা হয়েছে। সেমিনার আয়োজনের ফলে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি হয়েছে বলে প্রতীয়মান হয়। |
| (গ) Stakeholder-দের বিদ্যুৎ সাশ্রয়ী বৈদ্যুতিক পণ্য উৎপাদনে সহায়তা প্রদান । | বিদ্যুৎ সাশ্রয়ী পণ্য উৎপাদন করার লক্ষ্যে বাংলাদেশের বিভিন্ন কোম্পানীকে প্রকল্পের আওতায় সহায়তা প্রদান করা হয়েছে। |
| (ঘ) এনার্জি ইফিসিয়েন্ট পণ্য উৎপাদনের সাথে জড়িত জনবলের কর্মদক্ষতা বৃদ্ধি করা । | জনবলের দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে দুটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিকে আলোচ্য প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। |

১৩। <u>বাস্তবায়ন/বিদ্যমান সমস্যাঃ</u>

**১৩.১. প্রকল্পের অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে সঠিকভাবে জমা দেয়া :** আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নকালে বিভিন্ন অর্থ বছরে অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

**১৩.২. ছয়টি পণ্যের মধ্যে তিনটি পণ্যের Star Labeling করা :** আলোচ্য প্রকল্পের আওতায় ছয়টি পণ্যের star labeling করার কথা থাকলেও টেস্টিং ইকুইপমেন্টের অভাবে তিনটি পণ্যের স্টার লেবেলিং করা সম্ভব হয়নি বলে পরিদর্শনকালে জানা যায়। ফলে প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জন করা সম্ভব হয়নি। উক্ত পণ্যগুলোর star labeling করার লক্ষ্যে ইকুইপমেন্ট ক্রয়ের জন্য বিএসটিআই কর্তৃক নতুন একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে বলে পরিদর্শনকালে জানা যায়।

**১৩.৩. Star labeling করা তিনটি পণ্যের রপ্তানীর সুযোগ বৃদ্ধিঃ** আলোচ্য প্রকল্পটি ছয়টি দেশ যথাঃ বাংলাদেশ, পাকিস্তান, চীন, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড ও ভিয়েতনামে এক যোগে বাস্তবায়িত হয়েছে। বিবেচ্য প্রকল্পের আওতায় তিনটি পণ্য যথা যথাঃ ফ্যান, বৈদ্যুতিক ব্যালাস্ট ও সিএফএল এর স্টার লেবেলিং করার ফলে উক্ত মানের বাংলাদেশে উৎপাদিত পণ্যসমূহ প্রকল্প বাস্তবায়নকারী দেশসমুহে রপ্তানী করার সুযোগ সৃষ্টি হয়েছে।

**১৩.৪. প্রকল্প বাস্তবায়নকালীন দক্ষ প্রশিক্ষকের অভাব :** আলোচ্য প্রকল্পের আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান করার কথা ছিল। কিন্তু energy efficient product manufacturing এ দক্ষ প্রশিক্ষকের অভাব থাকায় বিএসটিআইসহ বাংলাদেশের অন্যান্য প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সহয়োগিতা প্রদান করা সম্ভব হয়নি বলে পরিদর্শনকালে জানা যায়। উল্লেখ্য, আলোচ্য প্রকল্পের আওতায় পরামর্শক নিয়োগ করা হয়েছিল। কিন্তু পরামর্শক চীনে অবস্থিত Project Management Unit এ কাজ করতেন বিধায় তার expertise কাজে লাগানো সম্ভব হয়নি।

**১৩.৫. পরিদর্শনকালে প্রকল্প পরিচালকের অনুপস্থিতিঃ** আলোচ্য প্রকল্পটি পরিদর্শনকালে প্রকল্প পরিচালক অনুপস্থিত ছিলেন। পরিদর্শনকালে জানা যায় যে প্রকল্প পরিচালক ইতোমধ্যে চাকুরী হতে অবসরে গেছেন। প্রকল্প পরিচালক উপস্থিত না থাকায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি । ফলে প্রকল্পটি বাস্তবায়নে কি কি সমস্যার সম্মুখীন হতে হয়েছে তা পুরোপুরি জানা যায়নি।

**১৩.৬.** <u>প্রকল্প বাস্তবায়নে বিলম্ব ( **Time Over-run**)</u>: প্রকল্পটি বাস্তবায়নে মোট ৫ বছর সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল হতে ১ বছর বেশী (২০%) বেশি | যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৪। <u>সুপারিশঃ</u>

**১৪.১.** স্টার লেবেলিং করা তিনটি পণ্যের গুণগত মান যেন সর্বদা বজায় থাকে এ বিষয়ে বিএসটিআইকে সজাগ থাকতে হবে (অনুচ্ছেদ ১৩.২);

১৪.২. প্রকল্প বাস্তবায়নকালীন দেশসমূহে স্টার লেবেলিংকৃত পণ্য সমূহের রপ্তানী বৃদ্ধি করার ক্ষেত্রে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে (অনুচ্ছেদ ১৩.৩);

১৪.৩. ভবিষ্যতে প্রকল্প প্রণয়ণ ও বাস্তবায়নকালে প্রয়োজনীয় দক্ষ জনবলের সার্বক্ষণিক সহায়তা নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করে প্রকল্প প্রস্তাব প্রনয়ণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হল (অনুচ্ছেদ-১৩.৪);

১৪.৪. ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে পরিকল্পনা এমনভাবে করতে হবে যাতে প্রকল্পের Time over-run না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় (অনু:১৩.৬);

১৪.৫. উপরোক্ত সুপারিশ/মতামত ( অনুচ্ছেদ ১৪.১-১৪.৪) অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাশীঘ্র বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।